


পরিপত্র

বিষয় : মোবাইল কোর্ট পরিচালনায় নিয়োজিত নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং সহযোগী কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ভাতার হার পুনঃ নির্ধারণ।

মোবাইল কোর্ট পরিচালনায় নিয়োজিত নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং সহযোগী কর্মকর্তা ও কর্মচারীদের সম্মানী ভাতার বিষয়ে এ মন্ত্রণালয়ের ১৯-০৪-১০ খ্রি. তারিখে ০৫.১১৫.০২০.০০.০০.০০২.২০০৯.৬০৩(৬৪) সংখ্যক স্মারকে জারীকৃত নির্ধারিত হার সংশোধন করে নিম্নরূপ হার পুনঃনির্ধারণ করা হলো :

ক্রমিক নং	মোবাইল কোর্ট পরিচালনায় নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী	সম্মানীর হার (টাকায়)
১.	নির্বাহী ম্যাজিস্ট্রেট	৮০০/- (অটিশত) টাকা
২.	প্রসিকিউশন কর্মকর্তা	৪০০/- (চারশত) টাকা
৩.	পেশকার	২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা
৪.	এম.এল.এস.এস.	১৬০/- (একশত ষাট) টাকা

২. একজন নির্বাহী ম্যাজিস্ট্রেট একদিনে একাধিক আইনে একের অধিক মামলা আমলে নিলেও তা একটি মোবাইল কোর্ট বলে বিবেচিত হবে।
৩. মোবাইল কোর্ট পরিচালনার জন্য যথাযথ কর্তৃপক্ষের আদেশ ও বিলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এ সম্মানী প্রাপ্য হবেন। সহায়ক কর্মকর্তা/পেশকার/এম.এল.এস.এস. এর বিল সংশ্লিষ্ট নির্বাহী ম্যাজিস্ট্রেটের অনুমোদনক্রমে সম্মানী প্রদান করা যাবে।
৪. অর্থ বিভাগের ১১-০৬-১৩ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩২.০১৫.১৩-১৩৮ সংখ্যক স্মারকে প্রদেয় সম্মতি ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হলো।
৫. জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ মাসুদুল হাসান)
সিনিয়র সহকারি সচিব
ফোন : ৯৫৪৫৯৫৩

বিতরণ :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩. সচিব, অর্থ বিভাগ/গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল)।
৫. হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন (৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
৬. যুগ্ম-সচিব (এ.পি.ভি.), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৭. জেলা প্রশাসক (সকল)।
৮. প্রধানমন্ত্রীর জনপ্রশাসন বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পি.এ.সি.সি. জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সিনিয়র সহকারি সচিব, প্রশাসন-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৩. অফিস কপি।